



ঢাকা ওয়াসা


- ০১) ২০২৫-২০২৬ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
০২) ২০২৫-২০২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
০৩) পূর্বানুমোদিত দরের ফটোকপি।
০৪) ক্লোরিন রুমের নক্সা।
০৫) ক্যালকুলেশন শিট।
০৬) প্রাক্কলন।


বিষয়ঃ **Construction of 04 nos Chlorine room at Different Water Pump Station under MODS Zone- 5&6**
কাজ প্রসঙ্গে।

- ০১। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৩১ টি পানির পাম্প রয়েছে। উৎপাদিত পানি সরবরাহ লাইনে যাতে দূষিত না হতে পারে সেজন্য এসওসি বিভাগের ব্যবস্থাপনায় পানিতে ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে বিভিন্ন জোনের অনেক গভীর নলকূপ কম্পাউন্ডে ক্লোরিন রুম না থাকায় সংশ্লিষ্ট জোনের চাহিদা থাকা সত্ত্বেও ক্লোরিন সেট (গ্যাস/বিপি) স্থাপন করতঃ ক্লোরিনেশন সিস্টেম সচল করা সম্ভব হচ্ছে না। তাছাড়া অনেক পাম্প কম্পাউন্ডে পাম্প প্রতিস্থাপনের কারণে বিদ্যমান ক্লোরিন রুম হতে পাম্পের দুরত্ব অনেক বেশি হওয়ায় ক্লোরিনেশন কার্যক্রম ব্যাহত হচ্ছে। পাম্প হতে ক্লোরিন রুমের দুরত্ব ৩০/৪০ ফুটের অধিক হলে সঠিক মাত্রায় ক্লোরিনেশন ডোজ দেওয়া এবং ভ্যাকুয়াম তৈরী না হওয়ায় ক্লোরিন গ্যাস পাস হয় না। সে জন্য মডস জোন -৫ ও ৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পে নতুন ক্লোরিন রুম নির্মাণ জরুরী। সেই লক্ষ্যে PWD-2022 রেইট শিডিউল অনুসরণে ও পূর্বানুমোদিত দরের (সংযুক্তি নং-০৩ দ্রঃ) ভিত্তিতে এবং ক্লোরিন রুমের খসড়া নকশানুযায়ী (সংযুক্তি নং-০৪ দ্রঃ) নতুন ০২ (দুই) টি নতুন ক্লোরিন রুমের নির্মাণ কাজের জন্য একটি ক্যালকুলেশন (সংযুক্তি নং-০৫ দ্রঃ) ও প্রাক্কলন (সংযুক্তি নং-০৬ দ্রঃ) প্রস্তুত করা হল। যাতে ঢাকার অংক এসেছে টাঃ ৯৯৮,৬০৪.৭১৪ /= (নয় লক্ষ আটানব্বই হাজার ছয়শত চার দশমিক সাত এক চার টাকা) মাত্র। উল্লেখ্য আলোচ্য কাজটি এস এম ডব্লিউ সি সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।
- ০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের (সংযুক্তি নং-০১ দ্রঃ) মূলধনী ব্যয়ের অন্তর্ভুক্ত “ক্লোরিন রুম” কোড নং-০২-০১-০২১ খাত হতে নির্বাহ করা হবে এবং কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃনংঃ- ০৮ এর Package No (WCR-5) এ অন্তর্ভুক্ত রয়েছে।
- ০৩। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার আওতাধীন এসওসি বিভাগের - **Construction of 04 nos Chlorine room at Different Water Pump Station under MODS Zone- 5&6** শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত টাঃ ৯৯৮,৬০৪.৭১৪ /= (নয় লক্ষ আটানব্বই হাজার ছয়শত চার দশমিক সাত এক চার টাকা) টাকা মাত্র এর প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 ধারা (৩২) এবং PPR-2025 এর বিধি ৮০(১) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে ঢাকা ওয়াসার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হল।


১৫/১২/২৫
মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা



Ruker -
১৫/১২/২৫
রুখানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


Saddam
২১/১২/২৫
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


SE (SMWE)

৫ প্রস্তাব অনুমোদিত

EE


২২/১২/২৫
মোহাম্মদ হুমায়ুন কবির
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।